



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো এবং নর্থওয়েল হেলথ স্টেটের COVID-19 প্রতিক্রিয়া সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেট হেল্থকেয়ার কর্মীদের ইউটাহ ভ্রমণের ঘোষণা দিয়েছেন

ইন্টারমাউন্টেন হেল্থকেয়ার এর আগে প্রয়োজনের সময় ডজন খানেক স্বাস্থ্যসেবা কর্মীকে নিউ ইয়র্ক স্টেটে পাঠিয়েছে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এবং নর্থওয়েল হেলথ স্টেটের বৃহত্তম স্বাস্থ্যসেবা প্রদানকারী ইন্টারমাউন্টেন হেল্থকেয়ারকে সমর্থন করার জন্য অন্তত 30 জন স্বাস্থ্যসেবা কর্মী ইউটাহ-এ মোতায়েন করবে। ইন্টারমাউন্টেন হেল্থকেয়ার এর আগে নর্থওয়েল এবং অন্যান্য হাসপাতালের সমর্থনে ডজন খানেক স্বাস্থ্যসেবা কর্মীকে নিউ ইয়র্কে পাঠিয়েছে। নিউ ইয়র্ক স্টেট প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (Personal protective equipment, PPE) এবং সরঞ্জাম সরবরাহ করবে, এবং স্বাস্থ্যসেবা কর্মীদের প্রথম দল এই রোববার ইউটাহ ভ্রমণ করবে।

"সারা দেশের মানুষ যে সমর্থন প্রদর্শন করেছে তা পরিশোধ করতে আমরা নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত প্রচেষ্টায় নতুন পদক্ষেপ গ্রহণ করছি এবং এটি বাস্তবিক দিক থেকেও আমাদের নিরাপদ রাখার চেষ্টা - কারণ যেকোনো জায়গায় সংক্রমণ সব জায়গায় সংক্রমণের সমান," **গভর্নর কুওমো বলেন।** "আমরা ইউটাহ-এ স্বাস্থ্য কর্মীদের পাঠাবো ইন্টারমাউন্টেন হেল্থকেয়ার হসপিটাল সিস্টেমে, যা ইউটাহ-এর বৃহত্তম হাসপাতাল ব্যবস্থা। ইউটাহ এবং সেই হাসপাতাল ব্যবস্থা নিউ ইয়র্কের জন্য খুবই উদার ছিল যখন আমাদের সাহায্যের প্রয়োজন ছিল, তারা নর্থওয়েল হসপিটাল সিস্টেমে ডজন খানেক কর্মী পাঠিয়েছে যা COVID সময় আমাদের জন্য একটি প্রধান সরবরাহকারী ছিল। তাই, আমরা প্রাথমিকভাবে নর্থওয়েল এবং স্বাস্থ্য বিভাগের প্রায় 30 জন কর্মী, এবং যেকোন PPE এবং প্রয়োজনীয় সরঞ্জাম পাঠাতে যাচ্ছি। আমি গভর্নর হার্বার্ট এবং ইউটাহ এর সকল জনগণকে ধন্যবাদ জানাই, এবং আমি নিউ ইয়র্কবাসীদের পক্ষ থেকে বলেছি, আমরা ভুলবো না এবং তারা আমাদের জন্য যা করেছে আমরা তা করব, কারণ এটাই আমেরিকান উপায়।"

"নিউ ইয়র্কে মহামারীর চরম পর্যায়ে, ইন্টারমাউন্টেন হেল্থ সিস্টে ের অসাধারণ সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ, যারা আমাদের 60 জনেরও বেশি প্রথম সারির কর্মী পাঠিয়েছেন, যার মধ্যে চিকিৎসক এবং নার্সও রয়েছেন," **নিউ ইয়র্কের বৃহত্তম স্বাস্থ্য সেবা প্রদানকারী এবং যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি করোনাভাইরাস রোগীদের চিকিৎসা প্রদানকারী নর্থওয়েল হেলথের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল ডাউলিং বলেন।** "আমরা এখন এই রোগের বিরুদ্ধে তাদের বর্তমান যুদ্ধে সাহায্য করার জন্য কর্মী পাঠিয়ে পারস্পরিক প্রতিক্রিয়া জানাতে পেরে আনন্দিত।"

শহর ও স্টেটগুলিকে COVID-19 এর সাথে লড়াইতে সাহায্য করতে নিউ ইয়র্কের অঙ্গীকার
COVID-19 বিরুদ্ধে যুদ্ধের সময়, নিউ ইয়র্ক স্টেট ফ্লোরিডা, জর্জিয়া এবং টেক্সাসে PPE এবং সরঞ্জাম সরবরাহ করেছে। উপরন্তু, স্টেট নিম্নলিখিত সম্পদ প্রদান করেছে:

- 29 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট ফ্লোরিডার [সেন্ট পিটার্সবার্গে](#) একটি টেস্টিং সাইট স্থাপন করবে।
- 20 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [সাতানা জর্জিয়ায়](#) COVID-19 হটস্পটগুলিতে দুটি চার্চ টেস্টিং সাইট প্রতিষ্ঠা করবে।
- 16 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [টেক্সাসের হিউস্টনে](#) COVID-19 হটস্পটগুলিতে দুটি চার্চ টেস্টিং সাইট প্রতিষ্ঠা করেছে।
- 13 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [জর্জিয়ার আটলান্টায়](#) টেস্টিং এবং কন্ট্রাক্ট ট্রেসিং টিম পাঠাবে।
- 10 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেছিলেন যে নিউ ইয়র্ক স্টেট COVID-19 এর ঔষধ রেমডেসিভির [ফ্লোরিডায়](#) প্রেরণ করবে কারণ সেই স্টেট আক্রান্ত ব্যক্তিদের কেসের সংখ্যা বেড়ে ওঠার অভিজ্ঞতা করছেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | [518.474.8418](tel:518.474.8418)

আনসাবস্কাইব করুন